# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করতে রায় স্থগিত রাখা ৫ টি জেলায় এই নির্বাচন অনুষ্ঠিত করার জন্য গৌহাটী হাইকোর্টের অনুমতি প্রদান ।

২) আসামে বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার জাপানের দুজন মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে প্রকাশ ।

৩) গৌহাটীর চানমারিতে অনুষ্ঠিত চতুর্দশ পূর্ব হিমালয়ান বাণিজ্য মেলায় আজ ভারতীয় আয়কর বিভাগের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান মুখ্য আয়ুক্ত নও রতন সোনীর একটি করদাতা কক্ষের উদ্বোধন

এবং

৪) নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে সমগ্র দেশে আজ পরাক্রম দিবস পালন । বরাক উপত্যকার তিন জেলায়ও এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

---

গৌহাটী হাইকোর্ট আগে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করা সম্পর্কে রায় স্থগিত রাখা ৫ টি জেলায় এই নির্বাচন অনুষ্ঠিত করার জন্য অনুমতি দিয়েছে । ন্যায়লয়ের একটি খন্ড বিচারপীঠ আজ এক গুরুত্বপূর্ন রায়ে রাজ্যের ৫ টি জেলায় পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার জন্য অনুমতি দিয়েছে । উল্লেখ্য এর আগে হাইকোর্টের একজনের বিচারপীঠ ৯ টি লেখ আবেদনের মামলা থাকা পঞ্চায়েতগুলিতে নির্বাচন অনুষ্ঠিত করতে স্থগিতাদেশ জারি করে বাকী পঞ্চায়েতগুলিতে নির্বাচন অনুষ্ঠিত করতে

সরকারকে অনুমতি দিয়েছে ।পরে এই স্থগিতাদেশকে প্রত্যাহ্বান জানিয়ে রাজ্য সরকারের উচ্চ ন্যায়লয়ের  খন্ড বিচারপীঠ একটি আবেদন দাখিল করে ।সরকারের এই আবেদনের শুনানী নিয়ে আজ উচ্চ ন্যায়লের খন্ড বিচারপীঠ একজনের বিচারপীঠের নির্দেশনায় স্থগিতাদেশ জারি করে ।উল্লেখ্য গৌহাটী হাইকোর্ট গত ১২ ই জানুয়ারী রাজ্যের ৫ টি জেলার বিবদমান ৯ টি পঞ্চায়েত বাদ দিয়ে বাকী পঞ্চায়েতগুলিতে শীঘ্র নির্বাচন অনুষ্ঠিত করার রায় দিয়েছিল ।এর আগে ১০ ই জানুয়ারী বিষয়টি সম্পর্কে শুনানী গ্রহণ করা হয়েছিল যদি ও ন্যায়ালয় রায়দান থেকে বিরত ছিল ।

ন্যায়ালয় আগামী ৬ ই ফেব্রুয়ারী মামলাগুলির পরবর্তী শুনানীর দিন ধার্য করেছে ।মামলা দায়ের করা পক্ষের আইনজিবি এ কে তালুকদার সংবাদ মাধ্যমের কাছে জানিয়েছেন যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হলে ও ইতিমধ্যে নির্বাচন নিয়ে দায়ের হোয়া মামলাগুলির শুনানী উচ্চ ন্যায়লয়ে চলবে ।

-----------------------------------------------------------------------------------

জাপান সফররত মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ দেশটির বিচার বিভাগের প্রতিমন্ত্রী কোমুরা মাসাহিরোর সংগে সাক্ষাৎ করে জাপানের কোম্পানীগুলির জন্য আসামে বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষে রাজ্য সরকারের গ্রহণ করা ব্যবস্থাগুলির বিষয়ে জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী জাপানের  মন্ত্রীকে আসাম সরকার দেশটির কোম্পানীগুলির জন্য একটি শিল্প উদ্যান স্থাপনের পরিকল্পনা নিয়েছে বলে অবগত করেন। এছাড়া আসামের প্রতিভাবান  ও দক্ষতাসম্পন্ন  যুবক যুবতী জাপানে কর্মচারীর চাহিদা  পূরণ করতে কিভাবে সহায়তা করবে সে বিষয়ে মুখ্যমন্ত্রী মন্ত্রীর সংগে আলোচনা করেন । এই আলোচনাকালে জাপানের মূল্যবোধ , রীতি নীতি ও গৌতম বুদ্ধের আদর্শ কিভাবে উভয় দেশের মধ্যে আধ্যাত্মিক সেতু গড়ে তুলেছে সেই বিষয়গুলিও স্থান লাভ করে । মুখ্যমন্ত্রী আজ দেশের ভূমি   , পরিকাঠামো , পরিবহন ও পর্যটন বিভাগের প্রতিমন্ত্রী ফুরুকায়া উয়াসুসির সংগে ও বৈঠকে মিলিত হন ।মুখ্যমন্ত্রী ড: শর্মা আসামে পর্যটনের সম্ভাবনা ও বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে চরাইদেউ মৈদামের স্বীকৃতি লাভ করা সহ আরো কিছু বিষয় নিয়ে আলোচনা করেন ।মুখ্যমন্ত্রী আজ হিরোসিমায় জাতির পিতা মহাত্মা গান্ধীর আবক্ষ মূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২৩ সালে এই প্রতিমূর্তিটি আনুষ্ঠানিকভাবে উন্মোচন করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটীর চানমারিতে অনুষ্ঠিত চতুর্দশ পূর্ব হিমালয়ান বাণিজ্য মেলায় আজ ভারতীয় আয়কর বিভাগের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান মূখ্য আয়ুক্ত নও রতন সোনী একটি করদাতা

কক্ষের উদ্বোধন করেন । এই করদাতা কক্ষে জনসাধারণকে আয়কর সম্পর্কীত বিভিন্ন দাবী -আপত্তির তাৎক্ষণিক সমাধান দেবার ব্যাবস্থা করা হয়েছে । করদাতা কক্ষটির উদ্বোধন করে শ্রী সোনী করদাতাদের রাষ্ট্র নির্মাতা বলে অভিহিত করেন । আগে কর বিভাগ কর আদায়ের জন্য বলবৎকারী সংস্থা হিসেবে কাজ করলেও বর্তমানে এটি জনসাধারণের জন্য সুবিধা প্রদানকারী সংস্থা হিসেবে কাজ করছে বলেও শ্রী সোনী উল্লেখ করেন । আগামী ২৯ শে জানুয়ারী এই পূর্ব হিমালয়ান বাণিজ্য মেলার সমাপ্তি হবে ।

---

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র দেশে আজ পরাক্রম দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সংস্কৃতি মন্ত্রনালয় নেতাজীর জন্মস্থান ওড়িশার কটকে তিনদিনব্যাপী এই দিবস উদযাপন সমারোহের আয়োজন করেছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । শ্রীমতি মূর্মূ পরাক্রম দিবস উপলক্ষ্যে এক বার্তায় বলেন যে ভারতের স্বাধীনতা সংগ্রামের সবথেকে দৃঢ়তাসম্পন্ন এবং প্রেরণদায়ী নেতাদের মধ্যে নেতাজী অন্যতম । তিনি আরো বলেন যে নেতাজীর আহ্বানে দেশের লক্ষ লক্ষ লোক স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করেছিলেন । নেতাজীর দূর্দমনীয় দৃঢ়তা এবং স্বাধীনতা লাভের আকাঙ্খা তথা আজাদ হিন্দ ফৌজের শক্তিশালী নেতৃত্ব নতুন প্রজন্মকে সর্বদা অনুপ্রাণিত করবে বলে তিনি মন্তব্য করেন ।
উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর এ উপলক্ষ্যে এক বার্তায় বলেন যে দেশের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর উল্লেখযোগ্য অবদান এবং আজাদ হিন্দ ফৌজ গঠনে তাঁর অতুলনীয় সাহস ও দূরদর্শী দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেছে । তিনি বলেন যে ভারতকে ব্রিটিশ শাসকের কবল থেকে মুক্ত করার ক্ষেত্রে এই মহান নেতার সাহস ,দেশপ্রেম ও কর্তব্যনিষ্ঠা তথা ত্যাগ অগণিত ভারতীয়কে অনুপ্রাণিত করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর অবদান অভূতপূর্ব বলে মন্তব্য করেছেন । নেতাজীর জীবন সাহস ও ত্যাগকে প্রতিফলিত করে বলে উল্লেখ করে তিনি বলেন যে নেতাজীর দূরদর্শিতা তাঁর স্বপ্নের ভারতবর্ষ গড়ে তোলার ক্ষেত্রে দেশবাসীকে অনুপ্রেরণা যোগাবে ।
প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লীর সংবিধান সভার কেন্দ্রীয় কক্ষে নেতাজী জয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে নেতাজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন । লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা , প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ,কংগ্রেসের সভাপতি মল্লিকাজুন খার্গে সহ অন্যান্য নেতারা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আজ নেতাজীকে স্মরণ করে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় ।মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে এক বার্তায় নেতাজীর জীবন ও আদর্শ প্রতিটি ভারতীয়কে দেশ সেবায় উৎসর্গিত হতে অনুপ্রাণিত করে বলে মন্তব্য করেন । জাপান সফররত মূখ্যমন্ত্রী ভারতীয় দূতাবাসে নেতাজীর প্রতি শ্রদ্ধাঞ্জলী জানানোর জন্য আয়োজিত এক অনুষ্ঠানেও অংশ গ্রহণ করেন ।

--------------------------------------------------------------------------------

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ বরাক উপত্যকার তিন জেলায় বিভিন্ন কার্যসুচি গ্রহণ করা হয়েছে । শিলচরের নেতাজী মূর্তি নবনির্মাণ ও স্থাপনা কমিটির উদ্যোগে আজ বেলা বারোটা ১৫ মিনিটে শহরের গান্ধীবাগে নেতাজী সুভাষের প্রতিমূর্তিতে মাল্যদান করে ১২৯ বার তোপধ্বনি করা দেওয়া হয় । কাছাড় জেলার নেতাজী সুভাষ ফাউন্ডেশনের উদ্যোগে এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়া কেন্দ্রীয় নেতাজী জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে আজকের অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিল - সকালে প্রভাতফেরী, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি । সকালে ছাত্রছাত্রীদের নিয়ে আয়োজিত শোভাযাত্রা নরসিংটোলা ময়দানে জমায়েত হয় । এরপর ভাওয়াল পয়েন্ট, প্রেমতলা, শিলংপট্টি হয়ে গান্ধিবাগে প্রবেশ করে ছাত্রছাত্রীরা নেতাজীকে শ্রদ্ধা জানিয়ে সার্কিট হাউস রোড হয়ে ইন্ডিয়া ক্লাবের মাঠে এসে শেষ হয় । সেখানে নেতাজী সুভাষচন্দ্র বসুর বিষয়ে বক্তৃতা সহ অন্যান্য কার্যসূচি অনুষ্ঠিত হয়েছে।

--------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস , কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের যৌথ উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচির মধ্য দিয়ে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকাল ৮টায় শিলচরে শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে । সংগঠনগুলির উদ্যোগে ধোয়ারবন্দ , আশ্রম রোড , দুধপাতিল , কনকপুর , তারাপুর, স্বামীজি রোডে নেতাজীর প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে ।

শিলচর ঝালুপাড়ার বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন এভারগ্রীন ক্লাবের উদ্যোগেও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে নেতাজী জন্ম জয়ন্তী পালন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

আসাম সরকারের ভাষিক সংখ্যালঘু উন্নয়ন বোঁডের ব্যবস্থাপনায় ও বাঙ্গালি পরিষদের সহযোগীতায় আজ হাইলাকান্দিতে নেতাজী জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম নেতাজীর জীবন ও আর্দশ নিয়ে আলোচনা করেন ।

এদিকে হাইলাকান্দি শহরে আজ স্বাধিনতা সংগ্রামী উত্তরসূরী এসোসিয়েশন , হাইলাকান্দি পৌরসভা , হাইলাকান্দি জেলা বিজেপির পক্ষ থেকে নেতাজী জন্ম জয়ন্তী পালন করা হয়েছে ।

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন সংস্থা-সংগঠনের উদ্যোগে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম দিন পালন করা হয়েছে । পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ের উদ্যোগে আজ বিদ্যালয়ে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম দিন পরাক্রম দিবস হিসেবে পালন করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার বদরপুর বিধানসভা কেন্দ্রের সাংস্কৃতিক মঞ্চের উদ্যোগে আজ নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম জয়ন্তী ,পরাক্রম দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে মঞ্চের সভাপতি ডক্টর স্বপন দাসের পৌরহিত্যে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

শিলচর রাধামাধব কলেজের পক্ষ থেকেও যথাযোগ্য মর্য্যাদায় নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে কলেজের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় নেতাজীর জীবন ও আর্দশ নিয়ে একটি আলোচনা সভা অনুষ্টিত হয়েছে । পরে ছাত্র-ছাত্রীদের মধ্যে একটি কুইজ প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে ।

---

ভাষিক সংখ্যালঘু উন্নয়ন পর্ষদ আসামের উদ্যোগে এবং বাংলা সাহিত্য সভা শিলচর শাখার সহযোগীতায় নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্ম জয়ন্তী জি সি কলেজ প্রেক্ষাগৃহে পরাক্রম দিবস হিসেবে পালিত হয় ।আয়োজক কমিটির সভাপতি নীহাররঞ্জন পালের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় মুখ্য অতিথি হিসেবে রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই উপস্থিত ছিলেন । সভায় কমিটির উপদেষ্টা কণাদ পুরকায়স্থ , ঐ কলেজের অধ্যক্ষ বিভাস দেব ,বাংলা সাহিতা সভা আসামের কেন্দ্রীয় সমিতির সভাপতি খগেন চন্দ্র দাস , সম্পাদক প্রশান্ত চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন

।মুখ্য বক্তা পশ্চিমবংগের অখিল ভারতীয় শৈক্ষিক মহাসংঘের বাপী প্রামানিক সহ অন্যান্য বক্তারা নেতাজীকে স্মরণ করে দেশের জন্য অবদান রাখা তার নানা কাজ নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------